সেকশন-৩ (ঈশ্বরের সময়)

ঈশ্বরের পবিত্র উপস্থিতিতে আরাধনা ও প্রার্থনা

ঈশ্বরের আত্মিক সাজ-পোশাক পরিধান করা

(Putting on the Armor of God)

<<<এই প্রার্থনাটিকে আপনার প্রতিদিনের সকালের রুটিনের একটি অংশ করুন।এই প্রার্থনা আপনাকে ঈশ্বরের শক্তি ও ক্ষমতার দ্বারা প্রতিদিনের আত্মিক চ্যালেঞ্জের মুখোমুখি হতে প্রস্তুত করবে।>>>

প্রিয়তম প্রভু,

আজ সকালে ঘুম থেকে উঠে আমি বুঝতে পারছি যে,আমি একটা আত্মিক যুদ্ধক্ষেত্রের দিকে এগিয়ে যাচ্ছি। কিন্তু আমি এটিও জানি যে,তুমি আমাকে শক্ত ভাবে দাঁড়াবার জন্য যা যা দরকার সবই দিয়েছ।সেজন্য তোমার পবিত্র আত্মার শক্তিতে আমি,সদাপ্রভু ঈশ্বরের সমস্ত আত্মিক যুদ্ধের সাজ-পোশাক পড়েছি।

প্রথমত;আমি আমার মাথায়/মস্তকে পরিত্রাণের শিরস্ত্রাণ পড়েছি।দয়া করে আমার মন ও চিন্তা গুলোকে তুমি নিয়ন্ত্রণ করো। আমার চোখ গুলোকে পাহারা দিয়ে রেখো,যাতে কোন পাপ-কাজের প্রতি দৃষ্টিপাত না করি।দয়া করে আমার চিন্তা গুলোকে ঈশ্বরের বিষয়ের উপরে দৃষ্টি নিবদ্ধ রেখো।তোমার দেওয়া ধার্মিকতার বুকপাটা আমার হৃদয় এবং আবেগকে যেন সুরক্ষিত রাখে।আমি প্রার্থনা করি যে,আমার নিজের অনুভূতি দ্বারা আমি যেন নিয়ন্ত্রিত না হই বরং তোমার সত্য দ্বারা যেন নিয়ন্ত্রিত হই।তোমার জীবন্ত বাক্য যেন আমাকে কোমরবন্ধনীর মত বেষ্টন করে রাখে।যেকোন ভুল বা মন্দতা থেকে আমাকে রক্ষা কর।আমি শান্তির পাদুকা পরিধান করেছি যাতে তোমার সত্যে পা ফেলে এগিয়ে যেতে পারি।দয়া করে পদযুগলকে তোমার সত্যে সুস্থির ভাবে চলতে সাহায্য কর।শত্রু শয়তানের আক্রমণের বিরুদ্ধে স্থির ভাবে দাঁড়িয়ে থাকবার শক্তি দিও।

তারপর আমি বিশ্বাসের ঢালও ধারণ করেছি।দয়াময় প্রভু আমাকে শয়তানের ভয়ংকর বাণ বা আক্রমণের হাত থেকে রক্ষা কর। আমাকে তোমার স্বর্গীয় বাহিনীর সাথে কাঁধে কাঁধ মিলিয়ে শয়তানের সমস্ত কুমন্ত্রণা বা চালাকীর বিরুদ্ধে রুঁখে দাঁড়াবার সুযোগ দাও।আমি পবিত্র আত্মার খড়গ ধারণ করেছি যা তোমার পবিত্র জীবন্ত বাক্য। প্রেমময় প্রভু আমি যেন প্রতি নিয়ত তোমার বাক্য পাঠ করি,যাতে আমি সব সময় বিপথে যাওয়ার হাত থেকে রক্ষা পাই এবং অন্যদের কাছে তোমার সত্যকে প্রচার ও প্রকাশ করতে পারি।

আমি জানি প্রভু আজ আমি প্রচন্ড আক্রমণের শিকার বা মুখোমুখি হব।কিন্তু তুমি আমাকে শক্তভাবে বা সুস্থির ভাবে দাঁড়িয়ে থাকবার শক্তি দিয়েছ।প্রভু অনুগ্রহকরে আজকে আমাকে আত্মিক যুদ্ধে

জয়লাভের জন্য শক্তি দাও,প্রভু যীশু খ্রীষ্টের আনন্দই আমার শক্তি। খ্রীষ্টের পবিত্র নামে এই প্রার্থনা চাই। আমেন।

শাস্ত্রাংশ (ইফিষীয় ৬ ঃ ১৩-১৮ পদ)

প্রভুর প্রার্থনা(The Lord's Prayer)

হে আমাদের স্বর্গস্থ পিতা,

তোমার নাম পবিত্র বলে মান্য হোক।

তোমার রাজ্য আসুক।

তোমার ইচ্ছা যেমন স্বর্গে তেমনি পৃথিবীতেও পূর্ণ হোক।

যে খাবার আমাদের দরকার তা আজ আমাদের দাও।

যারা আমাদের উপর অন্যায় করে,

আমরা যেমন তাদের ক্ষমা করেছি

তেমনি তুমিও আমাদের সমস্ত অন্যায় ক্ষমা কর।

আমাদের তুমি পরীক্ষায় পড়তে দিয়ো না,

বরং শয়তানের হাত থেকে রক্ষা কর।

আমেন।

শাস্ত্রাংশ(মথি ৬ ঃ ৯-১৩ পদ)

রক্ষা পাওয়ার জন্য প্রভুর কাছে প্রার্থনা(Prayer for Lord's Protection)

আমরা যারা সবচেয়ে উঁচু গোপন স্থানে বাস করি,

আমাদের সর্বশক্তিমানের ছায়ার নিচে প্রতীক্ষা করা উচিত।

সদাপ্রভুর সম্বন্ধে আমি এই কথা বলব,"তুমিই আমার আশ্রয় ও আমার দুর্গ" ;

আমার ঈশ্বর আমি তোমার উপরে নির্ভর করব।

নিশ্চয়ই তুমি আমাদের শিকারীদের ফাঁদ থেকে রক্ষা করবে

এবং বিপদজনক মহামারী হাত থেকেও রক্ষা করবে।

তোমার পালখ দ্বারা আমাদের ঢেকে রাখবে

এবং তোমার ডানার নিচে আমরা আশ্রয় পাবো;

তোমার বিশ্বস্ততা হবে আমাদের ঢাল ও বর্ম।

রাতের ভীষণ বিপদকে আমরা ভয় করবো না,

না দিনের কোন উড়ে যাওয়া তীরকে,

বা অন্ধকারের কোন চলমান মড়ককে,

কিম্বা দুপুরের ধ্বংসকারী আঘাতকে।

হয়তো আমাদের দিকে হাজার খানেক পড়বে,

এবং দশ হাজার পড়বে ডান পাশে;

কিন্তু এটি আমাদের নিকটে আসবে না।

আমরা কেবল আমাদের চোখ দিয়ে দেখবো,

দুষ্ট লোকেরা কেমন পুরস্কার পায়।

কারণ আমরা তোমাকে আমাদের প্রভু বলে স্থির করেছি,যিনি আমাদের আশ্রয়স্থান,

এমনকি আমাদের বাসস্থান যদি সবচেয়ে উঁচুতেও হয়,আমাদের কোন ক্ষতি হবে না,

বা কোন মহামারীও আমাদের বাসস্থানের কাছে আসতে পারবে না;

কারণ তুমি তোমার দূতগণদের আমাদের ওপর পাহারা দেবার ভার দেবে,

যেন আমরা তোমার পথে স্থির থাকি।

তাঁরা তাদের হাত দিয়ে আমাদের ধরে ফেলবেন,

যেন আমাদের পায়ে পাথরের আঘাত না লাগে।

আমরা সিংহ ও কেউটে সাপের ওপর দিয়ে হেঁটে যাবো,

যুব সিংহ ও সাপকে পায়ের নিচে পদদলিত করে যাবো।

‘যেহেতু আমরা তোমাকে ভালবেসেছি,সেহেতু তুমি আমাদের উদ্ধার করবে;

তুমি আমাদের উপরে তুলবে,কারণ আমরা তোমার পবিত্র নামকে জেনেছি।

আমরা তোমাকে ডাকবো,তুমি আমাদের ডাকে সাড়া দেবে;

বিপদের সময়ে তুমি আমাদের সঙ্গে থাকবে;

তুমি আমাদের উদ্ধার করবে এবং সম্মানীত করবে।

দীর্ঘ আয়ু দিয়ে তুমি আমাদের খুশী করবে,

এবং তুমি আমাদের তোমার পরিত্রাণ দেখাও’।

শাস্ত্রাংশ (গীতসংহিতা ৯১)

<u>সদাপ্রভু আমাদের যোগানদাতা(তিনি আমাদের সব প্রয়োজনের খেয়াল রাখেন)</u>

<u>The Lord is our Provider(He takes care of all our needs)</u>

সদাপ্রভু, তুমি আমার পালক,আমার কোন অভাব নেই।আমার যা প্রয়োজন তা সবই আমার আছে।

তুমি আমাকে মাঠের সবুজ ঘাসের উপর শোয়াও,

তুমি আমাকে শান্ত জলের ধারে নিয়ে গিয়েছ,

তুমি আমার আত্মাকে করেছ সতেজ।তুমি আমাকে নতুন শক্তি দিয়েছ।

তুমি আমাকে তোমার নামের গৌরবের জন্য ন্যায়পথে চালিয়ে নিয়েছ।

এমনকি যখন আমি ঘন অন্ধকারে ঢাকা উপত্যকায় হাঁটবো,আমি তখন ভয় করবো না,

কারণ সদাপ্রভু, তুমি আমার সঙ্গে আছ;

তোমার মুগুর ও লাঠি আমাকে সুরক্ষিত এবং স্বান্তনা দেয়।

শত্রুদের উপস্থিতিতে তুমি আমার জন্য ভোজ প্রস্তুত করেছ।

তুমি আমার মাথায় তেল দিয়ে আমাকে অভিষেক করেছ;

আমার পেয়ালা আশীর্বাদে উপচে পড়ছে।

আমি জানি তোমার মঙ্গল ও অটল ভালবাসা সারাজীবন আমার পিছনে পিছনে থাকবে,

আর আমি চিরকাল সদাপ্রভুর ঘরে বাস করব।

<u>শাস্ত্রাংশ(গীতসংহিতা ২৩)</u>

৩ ঘটিকার প্রার্থনা (3 0’ Clock Prayer)

প্রভু যীশু তুমি স্বর্গে ফিরে গিয়েছ। কিন্তু জীবনের যে উৎস তা আত্মাগুলোর দিকে প্রবল বেগে নিঃসরণশীল। এবং তুমি অনুগ্রহের মহাসাগর সমস্ত পৃথিবীর জন্য খুলে দিয়েছ। ও জীবনের ঝর্ণা, ঐশ্বরিক অগাধ অনুগ্রহ, সমস্ত পৃথিবীকে সম্পূর্ণ রূপে আবৃত করে এবং আমাদের জন্য নিজেকে শূন্য কর।

ও রক্ত এবং জল ,যা প্রভু যীশুর হৃদয় থেকে নিঃসরিত এবং আমাদের জন্য অনুগ্রহের স্রোতধারা হিসাবে প্রবাহিত, আমরা তোমার উপরে নির্ভর করি।

পবিত্র পিতা ঈশ্বর, তুমিই একমাত্র পবিত্র ও সর্বশক্তিমান এবং একমাত্র ও অবিনশ্বর ঈশ্বর দয়া করে আমাদের উপরে এবং সমস্ত পৃথিবীর উপরে তোমার অনুগ্রহ বর্ষন করো। (৩বার)

প্রভু যীশু, তুমি দয়ার রাজা আমরা তোমাকে বিশ্বাস করি এবং ভালবাসি ।

আমেন।

ঈশ্বরের নির্দেশনা চেয়ে প্রার্থনা (**Seekings God's Guidance)**

প্রিয়তম পিতা ,আমি যে সব সিদ্ধান্ত গ্রহণ করতে চাই সেগুলোর জন্য তোমার নির্দেশনা অনেষ্বন করছি।আমার জীবনের জন্য তোমার ইচ্ছা কি তা জানতে চাই।প্রভু,আমার সমস্ত অন্তর দিয়ে আমি তোমাকে বিশ্বাস করি।আমি আমার নিজের বোধশক্তির উপর বিশ্বাস করিনা।আমি যা কিছু করি সব কিছুতে তোমার নির্দেশনা প্রার্থনা করি।প্রভু,আমি জানি যে,কোন পথে যেতে হবে,সেই সঠিক পথটি তুমি আমাকে দেখাবে।

প্রিয়তম প্রভু,তোমার পবিত্র উপস্থিতিতে আমি যেন স্থির থাকতে পারি,সেই বিষয়ে তুমি দয়া করে আমাকে শিক্ষা দিও।তোমার সুমিষ্ট কন্ঠস্বর যাতে আমি শুনতে সক্ষম হই,সেজন্য আমাকে শিক্ষা দিও।আমি যেন তোমার বাধ্য হয়ে এবং তোমার নির্দেশ অনুসরণ করে চলতে পারি,সেজন্য তুমি আমাকে আশীর্বাদ কর।প্রভু,তোমার বাক্য এবং ইচ্ছা অনুসারে আমার জীবন পরিচালিত হোক।

পিতা,প্রভু যীশু খ্রীষ্টের নামে এ প্রার্থনা চাইছি।

আমেন।

শাস্ত্রাংশ (হিতোপদেশ ৩ ঃ ৫-৬ পদ)

দুশ্চিন্তা, মানসিক চাপ এবং দুঃখকে জয় করবার জন্য প্রার্থনা

(Prayer for overcoming anxiety, tension and worry)

সর্বশক্তিমান ঈশ্বর,প্রার্থনায় আমি তোমার কাছে আসি।তুমি জান আমি কেমন পরিস্থিতির মধ্যদিয়ে যাচ্ছি।আমি অত্যন্ত উদ্বিগ্ন এবং মানসিক চাপের মধ্যে আছি।প্রভু তুমি জানো যে আমি যদি উদ্বিগ্ন হই বা ভাবিত হই তাতে কোন লাভ নেই।আর আমি জানি যে, তুমি হলে সর্বশক্তিমান,প্রতাপশালী এবং প্রেমময়।তোমার আশীর্বাদ আর শান্তি পাবার জন্য আমি তোমার শরণাপন্ন হয়েছি।পিতা,আমি জানি যারা আমার মত দুঃখে ভারাক্রান্ত ও উদ্বিগ্ন, তোমার সেই সব সন্তানদের তোমার পবিত্র উপস্থিতির সামনে আসবার জন্য তুমি আহ্বান করে থাকো।আমি এটাও জানি যে, তুমি প্রতিজ্ঞা করেছ সে শান্তি তোমার মধ্যেই নিহিত বা তোমার মধ্যে পাওয়া যায়।পরম পিতা আমার সমস্ত চিন্তা-ভাবনার ভার তোমাকে দেই,যেহেতু তুমি আমার দেখাশুনা ও চিন্তা করে থাক। প্রভু , তোমাকে ধন্যবাদ দিই, কারণ তোমার হৃদয় নম্র এবং ভালবাসায় পূর্ণ। তোমার মধ্যেই আমি বিশ্রাম এবং শান্তি খুঁজে পাই।

এ পৃথিবীতে যারা আমার মত কষ্টে,দুঃখে রয়েছে,পিতা আমি তাদের জন্য ও তোমার কাছে প্রার্থনা করছি।তোমার স্বর্গীয় শান্তি দিয়ে আমাদের জীবনকে পরিপূর্ণ কর, আশীর্বাদ কর।

পিতা,তোমার প্রিয় পুত্র খ্রীষ্টের পবিত্র নামে এই প্রার্থনা চাই,

আমেন।

শাস্ত্রাংশ(মথি ১১ ঃ২৮-৩০,১ম পিতর ৫ঃ৭)

সুস্থতার জন্য প্রার্থনা (Prayer for Healing)

সর্বশক্তিমান সদাপ্রভু ঈশ্বর।তুমিই পবিত্র এবং ধার্মিক ।তুমি ক্ষমতাবান এবং কৃপাময়।স্বর্গ-পৃথিবীর উপরে সমস্ত ক্ষমতা ও কর্তৃত্ব শুধুই তোমার।

প্রেমময় ঈশ্বর,তুমি দয়ালু ।তুমি আমাদের সবাইকে জীবন দিয়েছ।তুমি আমাদের উদ্ধারকর্তা।তোমার হাতে ও প্রভুত্বে রয়েছে যে কোন রোগ-ব্যাধি এবং দুঃখ কষ্টকে ভাল করা এ দূর করবার ক্ষমতা।

তুমি প্রেমময় এবং দয়াবান।তুমি তোমার প্রিয় পুত্র প্রভু যীশু খ্রীষ্টকে মুক্তিদাতা হিসেবে আমাদের জন্য দান করেছ।কালভেরী ক্রুশে প্রভু যীশু খ্রীষ্টের পবিত্র রক্তে আমরা সমস্ত পাপ এবং রোগ থেকে ধৌত হয়েছি।আরোগ্য লাভ করেছি।

পিতা ঈশ্বর,আমি আমার সমস্ত পাপ এবং অযোগ্যতা তোমার কাছে স্বীকার করছি।তুমি ছাড়া আমি কিছুই নই ও আমার জীবন মূল্যহীন,কেবলমাত্র তোমার অনুগ্রহে আমি সুস্থতা লাভ করেছি।তুমি সমস্ত রকম অলৌকিক কাজের ঈশ্বর।আমি তোমার ক্ষমতা, ভালবাসা ও দয়ার উপর নির্ভর করি ।তুমি আমাকে পাপ থেকে ক্ষমা করেছ ও রোগ থেকে সুস্থ করেছ।প্রভু,তোমাকে ধন্যবাদ দিই যে,তুমি আমাকে একটি পরিষ্কার ও নতুন হৃদয় দিয়েছ।আমি আরো ধন্যবাদ দিই যে,তুমি আমাকে তোমার শান্তি দিয়েছ।দয়া করে তুমি চিরকাল আমার সঙ্গে থাকো।তুমি ইম্মানুয়েল।(ঈশ্বর আমাদের সাথে আছেন)।

তোমার পুত্র প্রভু যীশু খ্রীষ্টই পাপ থেকে পরিত্রাণ পাবার এবং স্বর্গে যাবার একমাত্র পথ,সত্য এবং জীবন।তুমি আমার জীবনের আলো।প্রভু যীশু খ্রীষ্টের মধ্য দিয়ে তুমি যে ভালবাসা দেখিয়েছ,তার মাধ্যমে আমি পাপ থেকে পরিত্রাণ পেয়েছি।তোমার পুত্রের অমূল্য রক্তে তুমি আমাকে আবৃত।

প্রভু যীশু আমাকে সর্বদা তোমার নিকটে রেখ।আমি তোমার শক্তি ও ক্ষমতার উপরে নির্ভর করি।তুমি আমার মুক্তিদাতা,আরোগ্যদাতা,রক্ষাকর্তা এবং আশ্রয়।তুমি আমার ঈশ্বর।

প্রভু যীশু তুমি আমার যা কিছু প্রয়োজন এবং মনের আকাংখা সমূহ অবগত আছ।তোমার পবিত্র ও শক্তিশালী হাতে আমি আমার জীবনকে সমর্পন করি।তোমার ইচ্ছা অনুসারে আমার জীবনের সব আশা-আকাংখা,প্রার্থনা বাস্তবায়িত হোক।প্রভু,আমি শুধু তোমারই।আমি পরিত্রাণ প্রাপ্ত ও আরোগ্যকৃত।

পিতা ঈশ্বর,আমি আমার সেই সব ভাই-বোনদের জন্যও প্রার্থনা করি যাদের জীবনে পাপের পরিত্রাণ এবং সুস্থতার প্রয়োজন রয়েছে,তোমার অনুগ্রহ ও আশীর্বাদের দরকার রয়েছে।এ সকল প্রার্থনা তোমার পুত্র প্রভু যীশুর শক্তিশালী নামে চাই।আমেন।

শাস্ত্রাংশ(যিশাইয় ৫৩ঃ৫,গীতসংহিতা ১০৩ঃ১-৫,যোহন ১৪ঃ৬পদ)

সদাপ্রভু ঈশ্বরের ক্ষমতায় ও শক্তি সমস্ত খারাপ চিন্তা ও স্বভাব দূরীকরণ

(Casting out bad thoughts and habits in God's Power and Authority)

প্রিয়তম পিতা,আমি জানি আমার উপরে তোমার আশীর্বাদে এবং অনুগ্রহ রয়েছে।আমি তোমার দৃষ্টিতে যা উপযুক্ত নয়,এমন খারাপ চিন্তা এবং স্বভাবের বিরুদ্ধে লড়াই করে চলেছি।আমি এসব খারাপ চিন্তা ও স্বভাব আমার জীবন থেকে, মন থেকে বের করে দিতে চাই,ত্যাগ করতে চাই।তোমাকে ধন্যবাদ দিই,যেহেতু তুমি আমাকে সর্প ও বৃশ্চিককে পদদলিত করবার এবং সমস্ত শত্রুদের উপরে বিজয়ী হবার শক্তি ও সাহস দিয়েছ এবং আর কোন কিছু আমাকে ক্ষতিগ্রস্ত করতে পারবেনা। সুতরাং এই মুহূর্তে আমি প্রভু যীশু খ্রীষ্টের শক্তিশালী নামে এসব খারাপ চিন্তা ও স্বভাবগুলো আমার জীবন থেকে দূর হয়ে যাবার আদেশ দিচ্ছি।প্রভু যীশু, তোমার পবিত্র রক্তে আমাকে ধৌত কর এবং সমস্ত পাপ থেকে শুচি কর।তোমার অনুগ্রহে আমার জীবনকে পরিপূর্ণ কর,যেন আমি তোমার পবিত্র নামকে মহিমান্বিত করবার জন্য বেঁচে থাকি।প্রভু যীশু খ্রীষ্টের পবিত্র নামে এ প্রার্থনা চাই।

শাস্ত্রাংশ(১০ ঃ ১৯পদ)

শান্তির জন্য প্রার্থনা (Prayer for Peace)

প্রিয়তম প্রভু,আমার অন্তর কষ্টেপূর্ণ,অস্থির। আমার মনে কোন শান্তি নেই। চেষ্টা করছি আমার মনের চিন্তাগুলোকে তোমার দিকে ধাবিত করার এবং শান্ত রাখার জন্য ,কিন্তু পারছিনা বরং খারাপ চিন্তা গুলো আরো বেরিয়ে আসছে,ও মনকে অশান্ত করে তুলছে।প্রভু যীশু তুমি তো প্রতিজ্ঞা করেছিলে তোমার সব বিশ্বাসীদের তোমার শান্তি দেবে।তুমি বলেছিলে,"আমি তোমাদের জন্য শান্তি রেখে যাচ্ছি,আমারই শান্তি আমি তোমাদের দিচ্ছি;জগৎ যেভাবে দেয় আমি সে ভাবে দিই না।তোমাদের মন যেন অস্থির না হয় এবং মনে ভয়ও না থাকে।"

প্রভু যীশু,আমি তোমার প্রতিজ্ঞায় বিশ্বাস করি।আমি তোমাকে বিশ্বাস করি।ধন্যবাদ তোমাকে প্রভু,তুমি আমার সঙ্গে আছো।এবং আমি তোমার পবিত্র নামের প্রশংসা করি। আমি আমার সব দুশ্চিন্তা ও কষ্ট সমূহ তোমার উপরে অর্পণ করি,যেহেতু তুমি আমার বিষয়ে চিন্তা কর ও আমাকে যত্ন কর। এবং আমি বিশ্বাস করি যে, তোমার দেয়া শান্তি আমার জীবনে সক্রিয় রয়েছে।তোমার শান্তি সমস্ত মানুষের বোঝার ক্ষমতার চেয়েও বেশি আমার জীবনে কাজ করছে।ধন্যবাদ প্রভু তোমায়।

প্রভু,আমি জানি যে, যারা তোমার উপরে বিশ্বাস করে এবং যারা তাদের চিন্তা ভাবনা তোমার উপরে অর্পণ করেছে,তাদের তুমি প্রকৃত শান্তিতে রাখবে।প্রভু, আমি তোমার উপরে বিশ্বাস করি।তুমি আমাদের অনন্তকালীন শৈল এবং চিরস্থায়ী শক্তি।আমি শান্তিতে এবং নিশ্চিন্তে শয়ন করব,ঘুমোব।কারণ তুমি আমাকে নিরাপদে রাখবে।

আমি, তোমার সেই বিশ্বাসী ভাইবোনদের জন্যও প্রার্থনা করি যাদের মনে ও জীবনে প্রকৃত শান্তি নেই। তোমার শান্তি তাদের হৃদয়কেও যেন স্পর্শ করে এবং তারাও সান্ত্বনা লাভ করে।পিতা ঈশ্বর,তোমার পুত্র প্রভু যীশু খ্রীষ্টের মহা নামে এই প্রার্থনা করছি,তুমি শ্রবণ ও গ্রাহ্য কর। আমেন।

শাস্ত্রাংশ(যোহন ১৪ ঃ২৭,গীত ৪ ঃ৮,যিশাইয় ২৬ ঃ৩-৪,
১ম পিতর ৫ঃ৭,ফিলিপীয় ৪ ঃ ৬-৭পদ)

নিজের পাপ এবং অন্যায়ের জন্য ক্ষমা চেয়ে ঈশ্বরের কাছে প্রার্থনা

(Prayer for seeking God's forgiveness for one's own mistakes and sins)

প্রেমময় স্বর্গস্থ,পিতা তোমার পবিত্র উপস্থিতির সামনে আসবার এবং তোমার পায়ের কাছে বসবার অনুমতি দাও।আমার চিন্তা ও কাজের মাধ্যমে তোমার বিরুদ্ধে যেসব পাপ করেছি,সেসব থেকে দয়া করে আমাকে ক্ষমা কর।

[[[তুমি যেসব পাপ ও অন্যায় করেছ সেগুলোর জন্য ক্ষমা প্রার্থনা কর ঃ

- বাল্যকালে যেসব পাপ ও অন্যায় করেছ
- যৌবনকালে ও যেসব পাপ ও অন্যায় করেছ
- তোমার কর্মস্থলে/স্কুলে/অফিস
- তোমার পরিবারের লোকদের সংগে /বিরুদ্ধে
- তোমার আত্মীয় ও বন্ধুদের মধ্যে
- এবং তোমার প্রতিবেশী ও অন্যান্য লোকদের বিরুদ্ধে যেসব পাপ ও অন্যায় করেছ।

  যেসব পাপ ও অন্যায় করেছ সব প্রভুর সামনে নিয়ে এসো,স্বীকার কর এবং ক্ষমা প্রার্থনা কর]]]

পিতা,আমি কেমন করে আমার অন্তরে ওত পেতে থাকা পাপ সমূহকে জানব?কে তাদের নিজেদের ভুলগুলো বিচার করতে পারবে?দয়া করে আমার অন্তরে লুকিয়ে থাকা পাপ সমূহের জন্য আমাকে ক্ষমা কর।আমাকে ঐসব পাপ থেকে শুচি কর।আমাকে উদ্দেশ্য প্রণোদিত পাপ থেকে দূরে রাখ।সেগুলোকে আমার উপরে কর্তৃত্ব করতে দিয়োনা।তাহলে আমি দোষ মুক্ত হব এবং বিরাট পাপ থেকে নির্দোষ বলে পরিগণিত হব।

আমি পাপ করেছি,কিন্তু শুধুমাত্র তোমার অনুগ্রহে আমার পাপ সমূহ ধৌত হয়েছে, শুচিকৃত হয়েছে,কারণ আমি আমার পাপ স্বীকার করে প্রভু যীশুকে মুক্তিদাতা হিসাবে বিশ্বাসে গ্রহণ করেছি।তিনি পৃথিবীতে এসে আমার সমস্ত পাপ তাঁর দেহে বহন করলেন

এবং আমাকে পাপ রোগ থেকে সুস্থ করলেন।তাঁর অনুগ্রহে এবং কালভেরী ক্রুশে আমাদের জন্য মৃত্যুবরণ করে আমাদের পাপ থেকে পরিত্রাণ করেছেন এবং ঈশ্বরকে পিতা বলে ডাকার অধিকার দিয়েছেন।

প্রভু,তুমি খুবই শক্তিশালী এবং প্রেমময়। নীনবী শহরের লোকেরা যখন অনুতপ্ত হয়ে তাদের পাপ স্বীকার করেছিল,তুমি সেই শহর এবং লোকদের রক্ষা করেছিলে।প্রভু,তুমি করুণাময় এবং দয়ালু ঈশ্বর ,ক্রোধে ধীর এবং দয়াতে মহান।দয়া করে আমাকে এবং আমার অন্তরকে ও মনকে পবিত্র ও শুদ্ধ কর। যেসব পাপ আমি করেছি সেসব থেকে আমাকে ক্ষমা কর।প্রভু যীশু খ্রীষ্টের অমূল্য রক্তে আমাকে ধৌত কর,পবিত্র কর।আমি তোমাকে ধন্যবাদ দিই এবং তোমার মহান নামের গৌরব প্রশংসা করি।

আমার মুখের কথা এবং অন্তরের ধ্যান তোমার কাছে গ্রহণযোগ্য হোক। ও প্রভু,তুমি আমার শক্তি,তুমি আমার মুক্তিদাতা।দয়া করে আমাকে ক্ষমা কর এবং আশীর্বাদ কর।তোমার শান্তি,প্রেম আর আনন্দ দিয়ে স্বর্গস্থ পিতা,তোমার পুত্র প্রভু যীশু খ্রীষ্টের পবিত্র ও মহান নামে এ প্রার্থনা চাই।আমেন।

শাস্ত্রাংশ(গীতসংহীতা ২৯ ঃ ১২-১৪)

অন্যদের যেন ক্ষমা করতে পারি ,সেজন্য প্রার্থনা করা

(Prayer to be able to forgive others)

প্রেমময় স্বর্গস্থ পিতা, আমি খুব কষ্টে আছি। আমি অনুভব করি যে [[[যাকে ক্ষমা করা অসম্ভব বলে মনে করেন তার নাম উল্লেখ করুন]]] তার এবং আমার মধ্যে যে ঘটনা ঘটেছে তা মনে হয় কোনদিন ভুলতে পারব না। কিন্তু প্রভু আমি জানি যে, তুমি চাও না আমি এ মনোভাবটা অন্তরে পুষে রাখি। এ বিষয়ে আমি তোমার কাছ থেকে অনেক শিক্ষা লাভ করতে পারি। তুমি তোমার একমাত্র ও প্রিয় পুত্র প্রভু যীশু খ্রীষ্টকে এ পৃথিবীতে পাঠিয়ে দিয়েছিলে; তিনি কালভেরী ক্রুশে আমার সমস্ত পাপ বহন করে মৃত্যুবরণ করেছিলেন, আমার জন্য প্রায়শ্চিত্ত করেছিলেন যেন আমি পাপ থেকে পরিত্রাণ পাই ও সুস্থ হই। তাঁর অমূল্য রক্তে আমার সমস্ত পাপ ক্ষমা করা হয়েছে এবং আমার পাপ চিরকালের জন্য ধৌত হয়েছে। পিতা ঈশ্বর, তুমি কথা দিয়েছ যে, আমার জীবনের অতীতের সব পাপ তুমি আর কোনদিন মনে রাখবে না।

পিতা, আমি যেন অন্যদের প্রতি ক্ষমাশীল ও সহানুভূতিশীল হতে পারি সেই বিষয়ে শিক্ষা দাও। আমি যেন অন্যদের ক্ষমা করতে পারি,সেই শিক্ষা দিও;যেমন তুমি আমাকে প্রভু যীশুর মাধ্যমে ক্ষমা করেছ।পিতা,প্রভু যীশুর পবিত্র নামে এ প্রার্থনা চাই। আমেন।

শাস্ত্রাংশ(ইফিষীয় ৪ ঃ ৩২, ইব্রীয় ১০ ঃ ১৭)

ভয়কে জয় করবার জন্য প্রার্থনা
(Prayer for overcoming fear)

প্রেমময় স্বর্গস্থ পিতা,তোমার পবিত্র নাম একটা শক্তিশালী দূর্গ।যখন ভয় পাই তোমার কাছে দৌড়ে যাই এবং আমি নিরাপদে থাকি।তুমি আমার প্রভু এবং আমার ঈশ্বর।তুমি ইম্মানুয়েল ।আমার অন্তরে যিনি বাস করেন তিনি এ জগতের শাসনকর্তার চেয়েও মহান ও শক্তিশালী।আমি তাই ভীত নই।

সদাপ্রভু,আমি তোমার সন্তান,এবং আমি তোমার পবিত্র আত্মায় পরিচালিত।সেজন্য আমার ভয় পাবার কোন কারণ নেই।পবিত্র আত্মা আমার আত্মার সাথে সংযুক্ত হোন আর এই নিশ্চয়তা দেন যে,আমি তোমার সন্তান।

প্রভু ,এ বিশ্বব্রহ্মাণ্ডের সমস্ত কিছুর মালিক এবং নিয়ন্ত্রণকর্তা।যেহেতু তুমি আমার আব্বা বা পিতা, সেহেতু আমার ভয় পাবার কোন কারণ নেই।

পিতা ঈশ্বর,ধন্যবাদ তোমায়, আমাকে তোমার সন্তান হবার অধিকার দেবার জন্য।দয়া করে তোমার শান্তি দিয়ে আমাকে আশীর্বাদ করতে থাক।পিতা ঈশ্বর আমি তাদের জন্যও প্রার্থনা করি যাদের জীবনে তোমার অনুগ্রহ ও কৃপা প্রয়োজন রয়েছে,যেন তারাও ভয়ের উপরে জয়লাভ করতে পারে।প্রভু যীশুর পবিত্র নামে এই প্রার্থনা চাই। আমেন।

শাস্ত্রাংশ(হিতোপদেশ ১৮ঃ১০,১ম যোহন ৪ ঃ৪;রোমীয় ৮ ঃ১৪-১৬পদ)

ঈশ্বরের উপরে বিশ্বাস ও আশা রাখার জন্য প্রার্থনা

(Prayer for Faith and Hope in God)

পিতা ঈশ্বর, প্রার্থনার বিবিধ উদ্দেশ্য নিয়ে আমি তোমার কাছে আসি। আমি জানি যে ,তুমি আমার কথা শুনে থাক এবং উত্তর দিয়ে থাক।প্রভু কখনো কখনো আমার জীবনে এমন সময় আসে,যে সময়ে আমি খুবই দুর্বল হয়ে পড়ি এবং মনে নানা রকম সন্দেহের সৃষ্টি হয়।কখন কখন আমার বিশ্বাস দূর্বল হয়ে যায়,তখন আমাকে ক্ষমা কর।

বিশ্বাস আসে ঈশ্বরের বাক্য শোনার মাধ্যমে।দয়া করে আমাকে আশীর্বাদ কর যাতে আমি তোমার জীবন্ত বাক্য আরো বেশী সময় ধরে অধ্যয়ন ও ধ্যান করতে পারি।দয়া করে আমার বিশ্বাসকে আরো বৃদ্ধি কর,শক্তিশালী কর।আমরা যা পাব বলে আশা করে আছি,তা যে আমরা পাবই এই নিশ্চয়তাই এবং আত্মবিশ্বাসই হল বিশ্বাস।সেটি আমাদের জীবনে এমন নিশ্চয়তা দেয় যা আমরা কখন দেখিনি।দয়া করে আমাকে আশীর্বাদ কর ,যেন তোমার উপরে আমার বিশ্বাস উত্তরোত্তর বৃদ্ধি পায়।

আমি জানি যে,তুমি প্রেমময় ঈশ্বর,যিনি আমাদের প্রার্থনার উত্তর দেন।যদি আমি এমন বিষয় নিয়ে প্রার্থনা করি,যা আমার করা উচিত নয় তবে দয়া করে আমাকে সঠিক ভাবে প্রার্থনা করতে সাহায্য কর।পবিত্র ঈশ্বর, তুমি প্রতিজ্ঞা করেছ যে,আমার জীবনের জন্য তুমি মহা পরিকল্পনা করেছ;যাতে রয়েছে শান্তি,আশা এবং আমার জন্য উজ্জ্বল ভবিষ্যত।আমি বিশ্বাস করি যে, যে পরিকল্পনা তুমি আমার জন্য করেছ,তা সবচেয়ে মঙ্গলের পরিকল্পনা,যা কেবলমাত্র তোমার দ্বারাই করা সম্ভব।তোমার বাধ্য হতে আমাকে শিক্ষা দাও,তুমি প্রত্যাশার ঈশ্বর।আমি প্রার্থনা করি যে,তুমি আমার মনকে তোমার স্বর্গীয় আনন্দ ও শান্তি দিয়ে পূর্ণ করবে,যেহেতু আমি তোমাকে বিশ্বাস করি।তাহলে আমি পবিত্র আত্মার শক্তিতে তোমার দেয়া আশার নিশ্চয়তায় উপচে পড়ব।

আমি সেই সব ভাইবোনদের জন্যও প্রার্থনা করি,যারা তাদের বিশ্বাসের জন্য সংগ্রাম করেছেন এবং তোমার মধ্যে যে জীবনের আলো রয়েছে সেই সম্বন্ধে যাদের কোন অভিজ্ঞতা নেই,তুমি তাদেরও আশীর্বাদ কর প্রভু।

পিতা,তোমার পুত্র প্রভু যীশুর নামে এই প্রার্থনা চাই,আমেন।

শাস্ত্রাংশ(রোমীয় ১০ঃ ১৭,যিরমিয় ২৯ঃ১১,রোমীয় ১৫ঃ১৩,ইব্রীয় ১১ঃ১পদ)

ভালবাসার জন্য প্রার্থনা-খ্রীষ্টীয় ভালবাসায় মন্দকে জয়লাভ

(Prayer for love – overcome evil with Love of Jesus)

প্রেমময় স্বর্গস্থ পিতা,আমরা সেইসব লোকদের প্রার্থনায় তোমার সামনে উপস্থিত করি,যারা ইচ্ছায়-অনিচ্ছায় বা জেনে না জেনে আমাদের পরিবারগুলোর ক্ষতি করার চেষ্টা করেছে।পিতা,তুমি আমাদের নির্দেশ দিয়েছ যাতে আমরা অন্যদের ক্ষমা করি।সেহেতু ওইসব লোকদের সবাইকে আমরা ক্ষমা করেছি এবং প্রার্থনা করি তুমি তাদের শান্তি ও সমৃদ্ধি দাও।তোমার দয়া,অনুগ্রহ ও শান্তি দিয়ে তাদের আশীর্বাদ কর।

প্রভু যীশু,তুমি বলেছিলে-'কিন্তু আমি তোমাদের বলছি তোমাদের শত্রুদেরও ভালবেসো।যারা তোমাদের অত্যাচার করে তাদের জন্য প্রার্থনা কর,যেন লোকে দেখতে পায় তোমরা সত্যিই তোমাদের স্বর্গস্থ পিতার সন্তান।তিনি তো ভাল-মন্দ সকলের উপরে তাঁর সূর্য উঠান এবং সৎ ও অসৎ লোকদের উপরে বৃষ্টি দেন'।প্রভু,আমরা তোমার বাধ্য।আমরা এইসব লোকদের জন্য প্রার্থনা করি যেন তুমি তোমার প্রেম,শান্তি ও আনন্দ দিয়ে তাদের আশীর্বাদ কর।

প্রভু, তোমার বাধ্য হতে আমাকে শিক্ষা দাও, তুমি প্রত্যাশার ঈশ্বর।এবং আমি প্রার্থনা করি , সেই সব ভাই বোনদের জন্য, যেন তাদের উপর তোমার ভালবাসা,শান্তি এবং আনন্দ আশীর্বাদ স্বরূপ হিসেবে বজায় থাকুক।আর তারা যেন তোমাকে জানতে পারে এবং নিজেদের ব্যক্তিগত জীবনেও তার অভিজ্ঞতা যেন গ্রহণ করতে পারে।পিতা, প্রভু যীশু খ্রীষ্টের পবিত্র নামে এই প্রার্থনা চাই, আমেন।

শাস্ত্রাংশ(মথি ৫ ঃ ৪৪-৪৫পদ)

আত্মসমর্পনের জন্য প্রার্থনা- ঈশ্বরকে জীবনকে পরিচালনার দায়িত্ব দেওয়া

(Prayer for surrender-allowing God to take charge of my life)

প্রিয়তম প্রভু যীশু, তুমি বলেছিলে, "চাও, তোমাদের দেওয়া হবে; খোঁজ কর পাবে; দরজায় ঘা দাও, তোমাদের জন্য খোলা হবে।" আমি তোমার সামনে রয়েছি। আমি তোমাকে জীবনে আসার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। প্রভু, আমি তোমার ইচ্ছা জানতে চাই। আমার জীবন তোমার কাছে সমর্পন করছি। প্রভু, তোমাকে আমি আমার জীবনের প্রথম স্থানে রাখছি। দয়া করে আমার জীবনের দায়িত্ব তুমি গ্রহণ কর এবং আমার জীবনকে নিয়ন্ত্রণ কর, কারণ আমি জানি যে,আমার জীবনের জন্য যে পরিকল্পনা তুমি গ্রহণ করেছ তা সবচেয়ে ভাল পরিকল্পনা।

আমি জানি যে, তুমি আমাদের প্রেমময় ঈশ্বর, যিনি আমাদের প্রার্থনার উত্তর দেন। আমি যদি এমন প্রার্থনা করি যা সঠিক নয় বা যা আমার করা উচিত তবে আমাকে সঠিকভাবে প্রার্থনা করতে শিখাও, সাহায্য কর যাতে তুমি খুশী হও। পবিত্রতম প্রভু, তুমি প্রতিজ্ঞা করেছো যে, আমার জন্য তোমার মহৎ পরিকল্পনা রয়েছে;যে পরিকল্পনার মাধ্যমে আমার জীবনে তুমি শান্তি,আশা এবং উজ্জ্বল ভবিষ্যত প্রদান করবে।আমি বিশ্বাস করি যে,আমার জন্য তুমি যে পরিকল্পনা গ্রহণ করেছ তা উত্তম পরিকল্পনা।আকাশ যেমন পৃথিবী থেকে অনেক উপরে রয়েছে,তেমনি তোমার চিন্তা ও পরিকল্পনা আমার চিন্তা থেকে অনেক অনেক উপরে রয়েছে।আমাকে তোমার বাধ্য হতে শিক্ষা দাও।তোমার বাক্য অনুসারে আমার জীবন পরিচালিত হোক।

তোমার পথ সম্বন্ধে আমাকে শিক্ষা দাও, ও প্রভু আমি যেন তোমার সত্যে চল্ললতে পারি।আমার অন্তরকে শুদ্ধ ও শুচি কর। যাতে আমি তোমাকে সম্মান করতে পারি।পিতা,ঈশ্বর খ্রীষ্ট যীশুর পবিত্র নামে এ প্রার্থনা চাই।আমেন।

শাস্ত্রাংশ (মথি ৭ঃ৭,গীত ৮৬ঃ১১,যির ২৯ঃ১১,লূক ১ ঃ৩৮,যিশাইয় ৫৫:৯)